

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী
(মাঠ প্রশাসন শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১৪.০১.০০৫.২১. ৪৬


তারিখ : ০৭/০১/২০২১ খ্রি.

বিষয় : শ্রান্তিবিনোদন ছুটির আবেদন ই-নথিতে প্রেরণ

সূত্র : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য 'কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি' এর কর্মসম্পাদন সূচক এম- ২.২.১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০-২১ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য 'কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি' এর কর্মসম্পাদন সূচক এম- ২.২.১ এ একটি নতুন ডিজিটাল সেবা চালু করার বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এ বিষয়ে গত ০৫/০১/২০২১ তারিখে এ কার্যালয়ের এপিএ টিমের মাসিক সভায় আলোচনা করা হয়। উক্ত সভায় ডিজিটাল সেবা চালু করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ে পঞ্চম হ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম হ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন ছুটির আবেদন ই-নথিতে গ্রহণ এবং ই-নথিতে নথি উপস্থাপন করে দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদনপূর্বক পত্র জারি করে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানানোর মাধ্যমে পত্র নিষ্পত্তি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায় উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ে পঞ্চম হ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম হ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তাগণের শ্রান্তিবিনোদন ছুটির আবেদন গ্রহণ ও দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে শ্রান্তিবিনোদন ছুটির আবেদন আবশ্যিকভাবে ই-নথিতে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, জেলা ও উপজেলা পর্যায়ে পঞ্চম হ্রেডভুক্ত অফিস প্রধান এবং পঞ্চম হ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তাগণের শ্রান্তিবিনোদন ছুটির আবেদন ই-নথি ছাড়া অন্য কোন মাধ্যমে গ্রহণ ও নিষ্পত্তি করা হবেনা।



মোঃ হুমায়ুন কাবীর খোন্দকার

বিভাগীয় কমিশনার

রাজশাহী

ফোন : ০৭২১-৭৭২২৩৩ (অফিস)

e-mail:divcomrajshahi@mopa.gov.bd

জেলা প্রশাসক.. (সকল), রাজশাহী বিভাগ

অনুলিপি(জ্ঞাতার্থে):

সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা